নিউজলেটার | ভলিউম ১ | ফেব্রুয়ারি -এপ্রিল ২০১৯

# পরিবর্তনের জন্য সংলাপ

## প্লাটফর্মস ফর ডায়ালগ নিউজলেটার




কমিউনিটি রিসোর্স সেন্টার উদ্বোধনী অনুষ্ঠানে ব্রিটিশ হাই কমিশনার শ্রীমঙ্গলে ম্যাপ সদস্যদের সাথে যোগ দেন।

## পিফরডি প্রকল্প কর্তৃক ২১টি নতুন কমিউনিটি রিসোর্স সেন্টারের দ্বার উন্মুক্তকরণ

২০১৯ সালের জানুয়ারিতে প্লাটফর্মস ফর ডায়ালগ (পি ফর ডি) প্রকল্প ২১টি প্রকল্প জেলায় ২১টি নতুন কমিউনিটি রিসোর্স সেন্টার স্থাপনের কাজ শেষ করেছে।এসকল কেন্দ্রসমূহ- যা নাগরিকদের সম্পৃক্ততায় স্থানীয় গোষ্ঠির উন্নয়নের কেন্দ্র হিসেবে কাজ করে- সকল সুশীল সমাজকে আওতাভুক্ত করতে এবং সকল অংশীজন বিশেষ করে নাগরিকগণ, স্বার্থানেষী মহল, স্থানীয় কর্তৃপক্ষ এবং নির্বাচিত প্রতিনিধিবৃন্দেরজন্য অংশগ্রহণমূলক অনুকুল পরিবেশ আনয়নকল্পে তৈরী করা। ম্যাপস্-এর সভা আয়োজন,স্থানীয় কর্মশালা ও প্রশিক্ষণের কাজে

এ সকল রিসোর্স সেন্টারসমূহ স্থানীয় জনগোষ্ঠি ব্যবহার করবে, এবং এ সকল কেন্দ্রসমূহ নাগরিক সনদ ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে আরও জানার জন্য স্থানীয় নাগরিকদের সম্পদ সহায়তা সেবা প্রদান করবে। নাগরিকগণ এই কেন্দ্র হতে ইন্টারনেট সুবিধা, সরকারী নীতিমালা সম্পর্কে জিজ্ঞাসা, এবং তথ্য অধিকার আইনের অধীনে ও নতুন অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়্যার এর মাধ্যমে কোনতথ্য পাবার জন্য আবেদনপত্র পূরণে সহযোগিতা লাভ করবে। অতীব গুরুত্বপূর্ণ বিষয়হচ্ছে, ইউরোপীয়ান ইউনিয়ন প্রত্যাশা করে যে প্রতিটি কমিউনিটি রিসোর্স সেন্টার রাজনৈতিকভাবে নিরপেক্ষ হবে যাতে সমাজের সকল সদস্য অংশগ্রহণের সুযোগ ও উৎসাহ পায়।

## সূচী সারণী: এই সংখ্যায়

পিফরডি প্রকল্প কর্তৃক ২১টি নতুন কমিউনিটি রিসোর্স সেন্টারের দ্বার উন্মুক্তকরণ

সুশীল সমাজ সংগঠনসমূহ ও স্থানীয় জনগোষ্ঠিকে ক্ষমতায়িতকরণ

মন্ত্রীপরিষদ বিভাগে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং নাগরিক সনদ বিষয়ে প্রশিক্ষণ শুরু

সামাজিক কর্ম প্রকল্পের জন্য স্থানীয় সদস্যগণ প্রস্তুত

BRITISH COUNCIL
Funded by the European Union

# সুশীল সমাজ সংগঠনসমূহ ও স্থানীয় জনগোষ্ঠিকে ক্ষমতায়িতকরণ: শিখন শিক্ষা কর্মশালা ও প্রশিক্ষক প্রশিক্ষণ

এ বছরের শুরুতে, প্লাটফর্মস ফর ডায়ালগ প্রকল্প  কমিউনিটি কার্যক্রম প্রণয়ণের জন্য বেশ কিছু কর্মশালা আয়োজন করে। প্রথম দুটি ছিল রংপুর ও খুলনা জেলার সুশীল সমাজ সংগঠন পার্টনার, মাল্টি এ্যাক্টর পার্টনার সদস্য,এবং ব্রিটিশ কাউন্সিল জেলা ফ্যাসিলিটেটরদের সাথে শিখন শিক্ষা কর্মশালা।




**২৮শে জানুয়ারি ২০১৯, খুলনায় শিখন শিক্ষা কর্মশালায় সিএসও পার্টনার প্রতিনিধিবৃন্দের সম্মিলন।**

পিফরডি প্রকল্প, স্থানীয় অংশীজন, এবং স্থানীয় সরকারি কর্মকর্তাদের সাথে কাজের ক্ষেত্রে চ্যালেঞ্জসমূহ থেকে প্রাপ্ত শিক্ষণগুলো এবং সেগুলো কিভাবে সমাধান করা যায় সে বিষয়ে কর্মশালায় আলোচনা করা হয়।

প্রকল্পের সামাজিক জবাবদিহিতা উপরকরণগুলির সাথে কাজ করার, বিশেষ করে অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে তাল মিলিয়ে অংশগ্রহণকারীদেরকাজের নিজস্ব অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ ছিল কর্মশালাটিতে। মাদকপাচার এবং নারী নির্যাতনের মত সংবেদনশীল বিষয়ে কিভাবে সমাধান করা যায় তার অস্পষ্টতা থাকা সত্ত্বেও সকল অংশীদারগণ মনে করেছেন যে তাদের সংগঠনে সামাজিক জবাবদিহিতা উপকরণসমূহ বাস্তবায়নে এই কর্মশালাটি তাদেরকে আরও ক্ষমতায়িত করেছে, বিশেষ  করে এটি সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পর্কিত।

প্রকল্প জনগোষ্ঠির জন্য পারস্পারিক সহযোগিতা ও শিক্ষা-সুযোগ প্রদানের পাশাপাশি আমাদের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে, পিফরডি প্রকল্প  ইতোমধ্যে নেতৃত্ব, সামাজিক জবাবদিহিতা উপকরণ, অধিপরামর্শ, লৈঙ্গিক অন্তর্ভূক্তিকরণ, গণতান্ত্রিক মালিকানা, এবং সামাজিক কর্ম প্রকল্প বিষয়ে ৬টি প্রশিক্ষক প্রশিক্ষণসম্পন্ন করেছে। এই ৭দিনের প্রশিক্ষণেপ্রকল্প এলাকা থেকে প্রতিটি ম্যাপ পার্টনার থেকে ২জন প্রশিক্ষক  করে মোট ১২৬ জন মাস্টার প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়। এই প্রশিক্ষণসমূহ মাস্টার প্রশিক্ষকদেরকে উন্নত সামাজিক জবাবদিহিতা, নীতি উপকরণ, অধিপরামর্শ বিষয়, লিঙ্গ অন্তর্ভূক্তি, সামাজিক কর্ম প্রকল্প এবং তাদের সংগঠন ও কমিউনিটি সদস্যদের সাথে নেতৃত্বের দক্ষতা ভাগাভাগিকরে নেবার ক্ষমতা প্রদান  করে। এই প্রশিক্ষণসমূহ শুধুমাত্র আমাদের পার্টনার সংগঠনসমূহের দক্ষতা বৃদ্ধি করেনা বরং আমরা যে কমিউনিটিতে কাজ করি সেখানে গণতান্ত্রিক মালিকানা ও উন্নত জবাবদিহিতার প্রক্রিয়াকে শক্তিশালী করে।
।



**চট্টগ্রাম অঞ্চলে প্রশিক্ষক প্রশিক্ষণ কালীন স্থানীয় প্রশিক্ষকবৃন্দের ফটোসেশন। প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ২০-২৬শে জানুয়ারি ২০১৯ তারিখে।**

## মন্ত্রিপরিষদ বিভাগে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং নাগরিক সনদ প্রশিক্ষণ শুরু

ইউরোপীয়ান ইউনিয়নের অর্থায়নে প্লাটফরম ফর ডায়ালগ প্রকল্পের সহায়তায় বাংলাদেশে মন্ত্রিপরিষদ বিভাগ আধুনিক অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং নাগরিক সনদ এর উপর প্রশিক্ষণ প্রদান শুরু করেছে। প্রযুক্তি ও সেবা উন্নয়নের মাধ্যমে সাংগঠনিক সক্ষমতা বৃদ্ধির দ্বারা নাগরিক ও সুশীল সমাজের অভিযোগ প্রতিকারে সাড়া প্রদানের ক্ষেত্রে জিআরএস প্রশিক্ষণটি সরকারী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করবে। মন্ত্রি পরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার বিষয়কসম্মানিত সেক্রেটারী এন. এম. জিয়াউল আলম জিআরএস বিষয়ক প্রথম প্রশিক্ষণ ব্যাচটির উদ্বোধন করেন। বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের প্রায়২৫০ জন সরকারী কর্মকর্তাপ্রশিক্ষণে অংশগ্রহণ করেন, এবং সরকারী কর্মচারিদের জন্য এটাকে একটি কার্যকরী সংমিশ্রিত অনুষ্ঠানে পরিণত করে। নাগরিক সনদ প্রশিক্ষণটি উদ্বোধন করেন সমন্বয় ও সংস্কার বিষয়ক সম্মানিত নতুন সেক্রেটারি জনাবড.মো: শামসুল আরেফীন। এটি দ্বিতীয় প্রজন্মের নাগরিক সনদ বিষয়ে সহায়কপ্রশিক্ষণ প্রদান করে, যেখানে ১৫০জন সরকারী কর্মকর্তা উপস্থিত ছিলেন।



২৫শে ফেব্রুয়ারি ২০১৯ তারিখে দ্বিতীয় প্রজন্মের নাগরিক সনদ বিষয়ে মন্ত্রীপরিষদ সদস্যদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন সমন্বয় ও সংস্কার বিষয়ক সম্মানিত সেক্রেটারি জনাব ড.মো: শামসুল আরেফীন।



সামাজিক কর্মপ্রকল্প পরিকল্পনার জন্য নীলফামারির কিশোরগঞ্জে ম্যাপ স্বেচ্ছাসেবীরা একত্রিত হয়েছেন



৩রা মার্চ, ২০১৯ তারিখে সামাজিক জবাবদিহিতা উপকরণ বিষয়ে জানতে বিভিন্ন জেলা থেকে ম্যাপ স্বেচ্ছাসেবীরা ঢাকায় এসেছেন।

## সামাজিক কর্ম প্রকল্পের জন্য স্থানীয় সদস্যগণ প্রস্তুত

বাংলাদেশে সামাজিক কর্ম প্রকল্প পরিকল্পনা ও পরিচালনায় প্লাটফর্মস ফর ডায়ালগ প্রকল্পটি ১৪টি জেলায় কমিউনিটি সদস্যদেরকে প্রশিক্ষণ প্রদান করছে। এই প্রকল্পগুলি মাল্টি-এ্যাক্টর পার্টনারশীপস্ দ্বারা সংগঠিত, যেগুলো একটি উপজেলার কমিউনিটি স্বেচ্ছাসেবকদের ছোট ছোট দলে গঠিত। এই প্রকল্পগুলি কমিউনিটির একাত্মতা বৃদ্ধির জন্য নীতি উপকরণসমূহ ব্যবহার করে স্থানীয় সমস্যাগুলি মোকাবেলা করবে এবং গুরুত্বপূর্ণ বিষয়ে সমাবেশ করতে স্থানীয় গোষ্ঠিকে সম্পৃক্ত করবে। নেতৃত্ব ও যোগাযোগ প্রশিক্ষণের পাশাপাশি সামাজিক জবাবদিহিতা উপকরণের উপর প্রশিক্ষণ প্রদানেরজন্য কমিউনিটি সদস্যদের সাথে পিফরডি প্রকল্পটি কাজ করেছে। এই প্রশিক্ষণসমূহ নতুন নাগরিক সনদ, তথ্য অধিকার আইন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, এবং সম্প্রতি বাস্তবায়িতজাতীয় শুদ্ধাচার কৌশলকে কেন্দ্র করে পরিচালিত। কোন স্যাপসমূহ তাদের কমিউনিটির জন্য বেশি ফলপ্রসূতা দেখার জন্য ম্যাপসসমূহ ইতোমধ্যে গবেষণা কাজ শুরু করেছে।

Platforms for Dialogue

এই প্রকাশনাটি ইউরোপীয়ান ইউনিয়নের আর্থিক সহায়তায় প্রকাশ করা হয়েছে। এর বিষয়বস্তু সম্পূর্ণরূপে প্লাটফর্মস ফর ডায়ালগ প্রকল্পের দায়ি-দায়িত্ব এবং কোনভাবেই এটা ইউরোপীয়ান ইউনিয়নের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করে না।

BRITISH COUNCIL

Funded by the European Union